

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং- এসই-২৮/২০১৮/প্রশাসন/১২৩১৬

তারিখ: ১৫-০৫-২০১৮ খ্রি.

দপ্তরাদেশ

বিষয় : খামার বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর এর আওতাভুক্ত ফলদ এবং বনজ বৃক্ষ কর্তন/অপসারণের নিমিত্তে কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-১৩১৩ তারিখ: ১৬-০৪-২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, খামার বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর এর আওতাভুক্ত গবেষণা ও গবেষণা বর্হিভূত এলাকায় তাল ০১টি, নারিকেল ২১টি, কাঁঠাল ০৩টি, আকাশি ০২টি, শিশু ১৯টি ও কৃষ্ণচূড়া ০১টি সহ সর্বমোট ৪৭ (সাতচল্লিশ)টি ফলদ এবং বনজ বৃক্ষ রোগাক্রান্ত হয়ে ও ঝড়ে ক্ষতিগ্রস্ত হয়ে মারা গিয়েছে। ছাড়া গত ১৪-০৪-২০১৮ খ্রি. তারিখ দিবাগত রাতে বিএআরআই মেডিকেল সেন্টারের সম্মুখে ০১টি শিশু গাছ রাস্তায় উপড়ে পড়ে। এতে করে উক্ত গাছগুলো হতে রোগজীবাণু অন্যান্য সুস্থ গাছে সংক্রামিত হওয়ার ফলে গবেষণা কার্যক্রমে বিঘ্ন ঘটছে বিধায় উল্লিখিত সংখ্যক মৃত ফলজ এবং বনজ বৃক্ষগুলো প্রতিষ্ঠানের গবেষণা ও উন্নয়নের স্বার্থে কর্তন/অপসারণ করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে কমিটি গঠন করা হলোঃ-

- (১) ড. মোসাম্মত সামছুল্লাহা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব শাখা, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
- (২) ড. একেএম জিয়াউর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব বিভাগ, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
- (৩) এএসএম মেজবাহ উদ্দিন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ফল বিভাগ, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর

কমিটির কর্মপরিধিঃ

- (ক) প্রতিটি গাছের প্রকৃত অবস্থা নিরূপন;
- (খ) গাছগুলোর আনুমানিক বয়স (যৌক্তিক);
- (গ) গাছগুলোর দ্বারা কি ধরণের ক্ষতি সাধিত হচ্ছে;
- (ঘ) কর্তনযোগ্য গাছের সংখ্যা/শ্রেণী;
- (ঙ) বিবিধ।

(২) কমিটি আদেশ জারীর ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যৌক্তিক প্রস্তাবনা সম্বলিত সুপারিশমালা মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করবেন।

(মো: মাহমুদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (অ. দা.)

ফোন: ৪৯২৭০০১০/৫৪৯২

অনুলিপিঃ

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ), বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
২. পরিচালক, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৩. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কীটতত্ত্ব/এএসআইসিটি বিভাগ, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৪. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, খামার বিভাগ, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর- (আপনাকে এতদ্বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)
৫. উপ-পরিচালক (প্রশাসন), বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৭. মাস্টার ফাইল
৮. সংশ্লিষ্ট নথি।